

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৪, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
প্রজ্ঞাপন

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/১২ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৩৪২—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ এবং নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি (২) অনুসারে নিম্নরূপ “নিয়োগ, পদোন্নতি, প্রশাসনিক সংস্কার ও পুনর্বিন্যাস এবং দক্ষতা উন্নয়ন কমিটি” গঠন করা হল:

- | | |
|--|--------------|
| (১) মাহবুব তালুকদার, মাননীয় নির্বাচন কমিশনার | - সভাপতি |
| (২) সচিব, নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য |
| (৩) অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য |
| (৪) অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য |
| (৫) অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - সদস্য |
| (৬) মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট | - সদস্য |
| (৭) উপসচিব (জনবল ব্যবস্থাপনা), নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য-সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

কমিটির কার্যপরিধি:

- (ক) নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় বেতন স্কেলের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ প্রদানের বিষয়ে সুপারিশ প্রণয়ন;

(৬৬২৩)

মূল্য : টাকা ৪.০০

- (খ) নির্বাচন কমিশনের সকল সংযুক্ত দপ্তর ও অধিদপ্তরের উপরের (ক) এ উল্লিখিত গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগের বিষয়ে সুপারিশ প্রণয়ন;
- (গ) কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ প্রদানে স্বচ্ছতা এবং গ্রহণযোগ্যতা প্রতিষ্ঠার পরামর্শ প্রদান;
- (ঘ) নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট আধুনিকায়ন এবং সংস্কারকরণে সুপারিশ প্রণয়ন;
- (ঙ) নির্বাচনি কর্মকর্তা ও নির্বাচন কমিশনের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ কার্যকর সিডিউল, প্রশিক্ষক নির্বাচন সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (চ) প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণ বিষয়ক সুপারিশ প্রণয়ন;
- (ছ) নির্বাচন কমিশনের বর্তমান সাংগঠনিক কাঠামো পর্যালোচনা ও প্রয়োজনীয় সংস্কারের সুপারিশ; এবং
- (জ) দুর্নীতি প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে সুপারিশ প্রণয়ন।

২। জনবল ব্যবস্থাপনা অধিশাখা নির্বাচন কমিশনের উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এতদ্বারা নির্বাচন কমিশন সচিবালয়ের ২৮ আগস্ট ২০১২ তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৭.০৬-২৬৭ এবং ১৮ অক্টোবর ২০১২ তারিখের ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৭.০৬-৩৫৫ নং প্রজ্ঞাপন বাতিল করা হল।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

ফরহাদ আহম্মদ খান
উপসচিব (সংস্থাপন)।